সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান : ১০০**

[ডান পাশের উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১। বিজয় দিবসের অনুষ্ঠানে তোমার বিদ্যালয়ে একটি নাটক মঞ্চস্থ হবে। এ নাটকে তুমি কোন চরিত্রে অভিনয় করবে?

ক) ধনাঢ্য ব্যক্তি খ) বীর মুক্তিযোদ্ধা গ) ইউপি চেয়ারম্যান ঘ) সরকারি কর্মকর্তা

২। অনুর বাবা একজন শহিদ বুদ্ধিজীবী। তাঁর স্মরণে আমরা কোন দিবস পালন করি?

ক) শহিদ দিবস খ) ভাষা দিবস গ) বুদ্ধিজীবী ঘ) বিজয় দিবস

৩। শ্রেণিতে রফিক স্যার প্রশ্ন করলেন, তৎকালীন মেহেরপুর মহকুমার বৈদ্যনাথ তলান আমবাগানে ১৭ এপ্রিল বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে কোথায়?

ক) মুজিবনগর খ) সৈয়দপুর গ) শেরপুর ঘ) দিনাজপুর

৪। সরওয়ার সাহেব ও তার মেয়ে নওরীনকে সমুদ্র উপকূলীয় অঞ্চলের মুক্তিযুদ্ধের ঘটনা বর্ণনা করেন। সরওয়ার সাহেবের বর্ণিত অঞ্চল মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?

ক) ৭ খ) ৮ গ) ৯ ঘ) ১০

৫। উপমহাদেশে ‘ক’ দেশ বাণিজ্য পরিচালনার জন্য ১৬০০ সালে একটি কোম্পানি প্রতিষ্ঠা করেন। ‘ক’ দ্বারা কোন দেশকে বোঝাচ্ছে?

ক) ফ্রান্স খ) ব্রিটেন গ) পর্তুগাল ঘ) জাপান

৬। বাংলা ১১৭৬ সাল স্মরণীয়। এই সালে কী হয়েছিল?

ক) ভয়াবহ বন্যা খ) ভয়াবহ দুর্ভিক্ষ গ) ভয়াবহ যুদ্ধ ঘ) ভয়াবহ ভূমিকম্প

৭। প্রীতিলতা ওয়াদ্দেদার ব্রিটিশ বিরোধী আন্দোলন অংশগ্রহণ করে আত্মত্যাগ ও সাহসিকতার দৃষ্টান্ত স্থাপন করেন। এতে তাঁর কোন গুণটি বহিঃপ্রকাশ ঘটে?

ক) দেশপ্রেম খ) ধৈর্য গ) পরোপকারিতা ঘ) নিষ্ঠা

৮। ব্রিটিশদের হাতে প্রাণ দেওয়ার ক্ষেত্রে ক্ষুদিরামের সঙ্গে কার মিল রয়েছে?

ক) তিতুমীর খ) মাষ্টার দা সূর্যসেন গ) প্রীতিলতা ঘ) সিরাজ-উদ-দৌলা

৯। মনে কর, তুমি একজন প্রত্নতাত্ত্বিক। পাহাড়পুর খনন করার পর তুমি নিচের কোনটি সংগ্রহ করবে?

ক) কাঠ খ) মাটি গ) চুনাপাথর ঘ) ধাতব মূর্তি

১০। রাজা মানিক চন্দ্রের স্ত্রী নামের সাথে একটি ঐতিহাসিক নিদর্শন জড়িত। উক্ত নিদর্শনটির নাম কী?

ক) আহসান মঞ্জিল খ) ময়নামতি গ) উয়ারী বটেশ্বর ঘ) পাহাড়পুর

১১। তুমি যদি গাছ না লাগিয়ে শুধু কেটে ফেলো তবে কোনটি ঘটবে?

ক) খরা খ) জলোচ্ছ্বাস গ) অতিবৃষ্টি ঘ) ঘূর্ণিঝড়

১২। সোনারগাঁয়ে অনেক প্রাচীন মসজিদ দেখা যায়। এর দ্বারা এখানকার শাসকরা কোন ধর্মাবলম্বী ছিলেন বলে মনে হয়?

ক) হিন্দু খ) বৌদ্ধ গ) খ্রিস্টান ঘ) মুসলিম

১৩। বাংলাদেশে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যবহারের সর্বোত্তম উপায় কোনটি?

ক) শিল্প উন্নয়নের বিনিয়োগ করা
খ) দরিদ্র জনগণকে বিলিয়ে দেওয়া
গ) সমস্ত জনগণকে বিলিয়ে দেওয়া
ঘ) পরিশ্রমী পরিবারকে বিলিয়ে দেওয়া

১৪। সিরাজ ঢাকা জেলার ধামরাইতে বেড়াতে গিয়েছিল। এ এলাকা কী জন্য বিখ্যাত?

ক) কাঁসা শিল্প খ) মৃৎ শিল্প গ) তাঁত শিল্প ঘ) রেশম শিল্প

১৫। পাট থেকে বাংলাদেশ প্রতিবছর প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে। এজন্য পাটকে কী বলা হয়?

ক) রূপালি আঁশ খ) সোনালি আঁশ গ) মুদ্রার রিজার্ভ ঘ) টাকার ব্যাংক

১৬। ঢাকা শহর ক্রমশ নোংরা হচ্ছে। ঢাকা শহরকে পরিষ্কার রাখার জন্য কী করা উচিত?

ক) সরকারি সাহায্য নেয়া
খ) প্রতিদিন পরিষ্কার করা
গ) কলকারখানার দূষণ বন্ধ করা
ঘ) যার যার এলাকা দেখা শুনা করা

১৭। তোমার এলাকার জনসংখ্যা অধিক হলেও অধিকাংশ মানুষ শিক্ষিত কারিগরি জ্ঞানসম্পন্ন। তাদের যথার্থ পরিচয় কোনটি?

ক) দেশের বোঝা খ) অতিরিক্ত জনসংখ্যা গ) প্রাকৃতিক সম্পদ ঘ) দক্ষ জন সম্পদ

১৮। স্বপ্নাদের পরিবারের লোকসংখ্যা বেশি হওয়ায় কয়েকজন অন্য জায়গায় নতুন বসতি স্থাপন করছে। এতে কোনটি হ্রাস পেয়েছে?

ক) জনসংখ্যা খ) কৃষি জমির পরিমাণ গ) পরিবারের চাহিদা ঘ) শিক্ষার সুযোগ

১৯। তোমার মা ঈদে একটি সুতি শাড়ী কেনেন এবং বলেন এটি বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী শিল্প পণ্য। শিল্পটির নাম কী?

ক) বস্ত্র শিল্প খ) তাঁত শিল্প গ) রেশম শিল্প ঘ) পাট শিল্প

২০। লতা নওগাঁয় গিয়ে একটি ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছিল। এই স্থানটি কোন আমলের সাক্ষ্য বহন করে?

ক) মৌর্য আমলের খ) সুলতানি আমলের গ) পাল আমলের ঘ) সেন আমলের

২১। গত বর্ষায় তুলিদের গ্রাম নদীগর্ভে বিলীন হয়ে যায়। এই দুর্যোগের কারণ কী ছিল?

ক) টর্নেডো খ) গাছ কাটা গ) সাইক্লোন ঘ) তীব্র বন্যা

২২। তুমি ঘরে বসে টেলিভিশন দেখছ। এ সময় হঠাৎ ভূমিকম্প দেখা দিল। এখন তুমি কী করবে?

ক) ছোটাছুটি করব খ) বারান্দায় দাঁড়াব গ) জানালার পাশে দাঁড়াব ঘ) পুরোপুরি শান্ত থাকব

২৩। ভূমিকম্পের সময় কোন কাজটি করতে তুমি মানুষকে নিষেধ করবে?

ক) খোলা জায়গায় আশ্রয় নেওয়া যাবে না
খ) বিমের পাশে দাঁড়ানো যাবে না
গ) আতঙ্কিত হয়ে ছোটাছুটি করা যাবে না
ঘ) টেবিলের নিচে আশ্রয় নেওয়া যাবে না

২৪। জাতিসংঘ "মানবাধিকার ঘোষণাপত্র" অনুমোদন করেছে কেন?

ক) সবার চিকিৎসার অধিকার রক্ষার জন্য
খ) সবার বাসস্থানের অধিকার রক্ষার জন্য
গ) সবার মৌলিক অধিকার রক্ষার জন্য
ঘ) শিশু অধিকার রক্ষা করার জন্য

২৫। রাকিবের ছোট ভাই খুব ভালো ছবি আঁকতে পারে, কিন্তু সে সবসময় চুপচাপ থাকে এবং তার নাম ধরে ডাকলে সাড়া দেয় না। রাকিবের ছোট ভাই কোন সমস্যায় আক্রান্ত?

ক) অটিস্টিক খ) অটিজম গ) ব্রেন টিউমার ঘ) অন্ধ

২৬। বাংলাদেশের নারীদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য নিচের কোনটি সবচেয়ে বেশি প্রয়োজন?

ক) নারী শিক্ষার প্রসাব ঘটানো
খ) নারীদেরকে চাকরি দেয়া
গ) নারীকে পুরুষের সমান মুজরি দেয়া
ঘ) সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণ

২৭। তাঁর অক্লান্ত পরিশ্রমের ফলেই মেয়েরা ধীরে ধীরে শিক্ষার আলো পেয়ে থাকে, এখানে কার কথা বলা হয়েছে?

ক) সুফিয়া কামাল খ) বেগম রোকেয়া গ) জাহানারা ইমাম ঘ) আনোয়ারা মুস্তাফিজ

২৮। আন্তর্জাতিক নারী দিবস পালন ছাড়াও পৃথিবীতে নারী পুরুষের সমতা প্রতিষ্ঠায় যেসব আন্তর্জাতিক সনদ প্রণয়ন করা হয়েছে, তার মূল উদ্দেশ্য কী?

ক) নারী অধিকারকে স্বীকৃতি দেওয়া খ) পুরুষের অধিকারকে স্বীকৃতি দেওয়া

গ) মেয়ে শিশুদের অধিকারকে স্বীকৃতি দেওয়া ঘ) নারী অধিকারকে হরণ করা

২৯। একজন নাগরিক কিভাবে শাসন কাজে অংশগ্রহণ করেন?

ক) ভোটদানের মাধ্যমে খ) শিক্ষা লাভের মাধ্যমে গ) কর প্রদানের মাধ্যমে ঘ) দরিদ্রদেরকে সাহায্য করার মাধ্যমে

৩০। তোমার প্রতিবেশী একজন মুক্তিযোদ্ধা বর্তমানে অসুস্থ এবং আর্থিকভাবে অসচ্ছল। এখন তুমি কী করবে?

ক) বিষয়টি এড়িয়ে যাব খ) সাহায্যের উদ্যোগ নিব গ) শিক্ষকের সাহায্য চাইব ঘ) নিজ বাড়িতে নিয়ে আসব

৩১। তুমি একাকী ঘর থেকে বেড়িয়ে বন্ধুদের সাথে খেলতে গিয়েছ। এ সময় কোনটি হতে পারে?

ক) সময়মতো বাসায় ফিরবে খ) হারিয়ে যাবে গ) বাসা খুঁজে পাবে না ঘ) অপরিচিত লোকের দ্বারা বিপদ হতে পারে

৩২। তোমার একজন সহপাঠী সকলের সাথে প্রায়ই অসৌজন্যমূলক আচরণ করে। এক্ষেত্রে তার সাথে যেরূপ ব্যবহার করবে –

ক) সকলে তাকিয়ে এড়িয়ে যাব খ) তার বিরুদ্ধে শিক্ষকের কাছে নালিশ করব

গ) সকলে তার সাথে খারাপ ব্যবহার করব ঘ) তাকে বুঝিয়ে সংশোধন করব

৩৩। সকলের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নিতে গেলে কোনটি প্রয়োজন?

ক) ঐক্যমত খ) মতানৈক্য গ) মতামত খ) সমর্থন

৩৪। তোমার বয়স দশ বছর। আর কত বছর পর তুমি ভোট দিতে পারবে?

ক) ৬ খ)৭ গ) ৮ ঘ) ৯

৩৫। ৪০০বছর পূর্বে তিব্বত থেকে আসা ‘ক’ নামক জনগোষ্ঠীর নিজস্ব ভাষা আছে। এই ভাষাটির নাম কী?

ক) ম্রো খ) ত্রিপুরা গ) গারো ঘ) খাসি

৩৬। ইউনেস্কো বাংলাদেশে বসবাসরত একটি নৃ-গোষ্ঠীর ভাষাকে ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত করেছেন। উপজাতিটি কোন ভাষার লোক?

ক) ম্রো ভাষার খ) গারো ভাষাভাষির গ) ত্রিপুরা ভাষাভাষির ঘ) খাসি ভাষাভাষির

৩৭। জাতিসংঘের একটি অঙ্গ সংস্থার উদ্যোগে ভাষা শহিদ দিবস আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মর্যাদা লাভ করে। সংস্থাটির নাম কী?

ক) ইউনিসেফ খ) ইউএনডিপি গ) ইউনেস্কো ঘ) আইআরডিপি

৩৮। সিয়াম বাংলাদেশ পরিবেশ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ইত্যাদি ক্ষেত্রে কাজ করে। তার কাজের সাথে জাতিসংঘের কোন সংস্থার কাজের মিল আছে ?

ক) ইউনিসেফ খ) ইউনেস্কো গ) ইউএনডিপি ঘ) বিশ্ব ব্যাংক

৩৯। বাংলাদেশের একটি ক্ষুদ্র জাতিসত্তা যারা দলবদ্ধভাবে বাস করে। এখানে কোন জাতিসত্তার কথা বলা হয়েছে?

ক) ম্রো খ) ত্রিপুরা গ) গারো ঘ) খাসি

৪০। রাতুল একটি পত্রিকা পরে জানতে পারে বাংলাদেশে প্রত্নতাত্ত্বিক নিদর্শন রক্ষায় একটি সংস্থা কাজ করে। রাতুল কোন সংস্থা সম্পর্কে জানতে পারে?

ক) UNDP খ) UNICEF গ) UNCTAD ঘ) UNESCO

৪১। সোনারগাঁও-এ বাংলাদেশের লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা কে করেন?

ক) শিল্পী হাসেম খান খ) শিল্পী কাইয়ুম চৌধুরী গ) শিল্পাচার্য জয়নুল আবেদীন ঘ) শিল্পী এস.এম সুলতান

৪২। পৃথিবীতে সবচেয়ে বেশি পরিমাণ পাট উৎপাদন হয় কোন দেশে?

ক) ভারত খ) চীন গ) বাংলাদেশ ঘ) নেপাল

৪৩। বাংলাদেশের মোট জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান শতকরা কত ভাগ?

ক) ২০% খ) ৩০% গ) ৫০% ঘ) ৮০%

৪৪। দক্ষ জনসম্পদ বিদেশে রপ্তানির মাধ্যমে –

ক) খাদ্য ঘাটতি হ্রাস পাবে খ) অতিরিক্ত জনসংখ্যা হ্রাস পাবে

গ) প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হবে ঘ) ছিন্নমূল মানুষের বাসস্থানের ব্যবস্থা হবে

৪৫। কোনটি মানবাধিকার লঙ্ঘন?

ক) নিরাপত্তা প্রদান খ) ধর্ম পালনের সুযোগ গ) সবার সমান অধিকার ঘ) শিক্ষার সুযোগ না দেওয়া

৪৬। ক্লারা জেটকিন কত সালে নারী দিবস ঘোষণার দাবি জানান?

ক) ১৯১০ সালে খ) ১৯১৪ সালে গ) ১৯২৩ সালে ঘ) ১৯৪২ সালে

৪৭। যৌতুক বলতে কী বুঝায়?

ক) বিয়েতে পণ গ্রহণ খ) স্ত্রী কাছে ঋণ গ্রহণ গ) স্ত্রী মোহরানা প্রদান ঘ) স্ত্রী অর্থ প্রদান

৪৮। গণতন্ত্র বলতে কী বোঝায়?

ক) ব্যক্তির মত খ) দলের মতামত গ) জনগণের শাসন ঘ) স্বৈর শাসন

৪৯। ওয়াংগালা কাদের প্রধান উৎসবের নাম?

ক) খাসি খ) গারো গ) ম্রো ঘ) নক কান্দিমা

৫০। ম্রোরা তাদের বাড়িকে কী বলেন?

ক) কিম খ) নকমান্দি গ) কিমা ঘ) নক কান্দিমা

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১৫=১৫

ক) ১৯৬৯ সাল কোন ঘটনার সাথে সম্পৃক্ত?

খ) নবাব সিরাজ-উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন?

গ) তুমি ময়নামতি জাদুঘরে বেড়াতে গেলে কী দেখতে পাবে?

ঘ) তোমার দেশে জনসম্পদকে তুমি কীভাবে দক্ষ করে তুলবে?

ঙ) নদী তীরবর্তী গাছপালা কাটার ফলে কী হচ্ছে?

চ) সড়ক দুর্ঘটনার একটি অন্যতম কারণ লিখ।

ছ) তোমার মতে দেশে শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য কী করা প্রয়োজন?

জ) তোমার দৃষ্টিতে গণতন্ত্রের কী সুবিধা রয়েছে?

ঝ) ম্রো জাতিসত্তার লোকের জীবন ব্যবস্থা সম্পর্কে জানতে হলে কোথায় যেতে হবে?

ঞ) জাতিসংঘের প্রশাসনিক শাখার নাম লিখ।

ট) মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?

ঠ) কোথায় বাঁশের কেল্লা নির্মাণ করা হয়?

ড) বাংলাদেশের দুইটি ঐতিহাসিক নিদর্শনের নাম লিখ।

ঢ) নদীভাঙনের মানবসৃষ্ট দুটি কারণ লিখ।

ণ) নাপ্পী কী?

৩। (ক – জ) এর মধ্যে থেকে ছয়টি এবং (ঝ – ঞ) এর মধ্যে থেকে ১টি সহ মোট ৭টি প্রশ্নের উত্তর লেখ: ৫×৭=৩৫

ক) মুক্তিযুদ্ধ শুরু হলে বাংলাদেশে প্রথম যে সরকার গঠিত হয় তার নাম কী? মুক্তিযুদ্ধের এ সরকারের ভূমিকা চারটি বাক্যে লিখ।

খ) সিপাহি বিদ্রোহ কত সালে সংঘটিত হয়েছিল? কাদের বিরুদ্ধে সংঘটিত হয়েছিল? উক্ত বিদ্রোহটির তিনটি কারণ লিখ।

গ) লালবাগ দুর্গ ইর্মাণ করেন কে? বর্তমানে এটি কী হিসাবে ব্যবহৃত হচ্ছে? এ দুগ সম্পর্কে তিনটি বাক্যে লিখ।

ঘ) বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়নে কৃষির অবদান পাঁচটি বাক্যে লিখ।

ঙ) জাতিসংঘ মানবাধিকার ঘোষণাপত্র কবে স্বীকৃতি দিয়েছে? মানবাধিকার প্রয়োজন কেন? মানবাধিকার রক্ষায় তোমার তিনটি করণীয় লিখ।

চ) সড়ক দুর্ঘটনা প্রতিরোধের উপায় কী? পাঁচটি বাক্যে লিখ।

ছ) অপরিচিত মানুষের হাত থেকে রক্ষা পাওয়ার উপায় সম্পর্কে তোমার বন্ধুকে কী পরামর্শ দিবে?

জ) তোমার মতে কোনটি জাতিসংঘের একটি উন্নয়নমূল সংস্থা? এ সংস্থার চারটি কাজ উল্লেখ কর।

ঝ) বাংলাদেশের সার শিল্প সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

ঞ) অতিরিক্ত জনসংখ্যা কীভাবে পরিবেশকে ক্ষতিগ্রস্ত করে তুলছে তা পাঁচটি বাক্যে লিখ।